মৌলবাদ এবং সাম্প্রদায়িক শক্তি যেন বিজয়কে গ্রাস না করে

সমসাময়িক রাজনিতিতে মৌলবাদ এবং সাম্প্রদায়িক শক্তি যেভাবে মাথাচারা দিয়ে উঠেছে এর দায়ভার বাংলাদেশ আওয়ামীলীগ এড়াতে পারে না।

সুতরাং এখন সময় আছে মুক্তিযুদ্ধের চেতনাবাহী সকল শক্তিকে ঐক্যবদ্ধ হয়ে বিজয়কে ধরে রাখতে হবে।

মৌলবাদ এবং সাম্প্রাদায়িক শক্তি যেন বিজয়কে গ্রাস না করে।

মহান বিজয় দিবসে মুজিবনগর সৃতিসৌধে শ্রদ্ধা নিবেদনকালে এমন কথা বলেন বাংলাদেশ ছাত্রলীগ (বিসিএল) কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক ও মেহেরপুর জেলা শাখার সভাপতি নুরু- উছা-সাফা প্লাবন।

শ্রদ্ধা নিবেদনের সময় অন্যদের মধ্যে মেহেরপুর জেলা বাংলাদেশ জাসদ সভাপতি তরিকুল ইসলাম,মুজিবনগর উপজেলা জাসদ সভাপতি বেল্লাল হোসেন,জাসদ নেতা সোহেল রানা, সোহেল খান,ছাত্রলীগ (বিসিএল) নেতা রাকিবুল ইসলাম, সাগর আলী,তুষার, শাকিবুল, সারজেত,সাঈদ প্রমুখ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে নতুন করে দুই জন করোনা আক্রান্ত

মেহেরপুর নতুন করে আরও ২ জন করোনা আক্রান্ত হয়েছেন। তারা সকলেই মেহেরপুর সদরের বাসিন্দা।

বৃহস্পতিবার সন্ধ্যায় সিভিল সার্জন কার্যালয় সূত্র জানায়, গত ২৪ ঘন্টায় ২০ জনের নমুনা পরীক্ষার রিপোর্টের মধ্যে পজেটিভ আসে ৩ জনের। আর নেগেটিভ আসে ১৭ জনের। এর মধ্যে একজন ফলোআপ।

সূত্রে আরো জানা যায়, সর্বমোট ফলাফল এসেছে ৫০৬৮ টি, সর্বমোট পজিটিভ ৭৩৭ জন, সুস্থ ৬৩৬ জন, মৃত্যু ১৬ জন ও ট্রান্সফার্ড ৬০ জন।

বর্তমানে পজিটিভ সংখ্যা ২৩ টি (সদরে- ১৬ গাংনীতে-০৩, মুজিবনগরে-০৪)।

ভিন্নসূত্রে পাওয়া পজিটিভের পরিচয়- মেহেরপুর সদরের স্টেডিয়াম পাড়ার সাথী(৩০) ও গোপালপুরের রাজন ইসলাম(২০)।

বঙ্গবন্ধুর ভাস্কর্য ভাঙচুরের প্রতিবাদে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের বিক্ষোভ

কুষ্টিয়া শহরের পাঁচ রাস্তার মোড়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্মাণাধীণ ভাস্কর্য ভাঙ্গার প্রতিবাদে বিক্ষোভ মিছিল করেছে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগ।

গতকাল বুধবার বিকালে কেদারগঞ্জ বাজার প্রাঙ্গণে এ বিক্ষোভ মিছিল ও সমাবেশের আয়োজন করা হয়।

মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও মহাজনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলুর নেতৃত্বে বিক্ষোভ মিছিলটি শহড়ের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে পুনরায় বাজার প্রাঙ্গণে রয়েল কাউন্টারের সামনে এসে শেষ হয়।

পরে সেখানে এক সমাবেশের আয়োজন করা হয়।

এ সময় মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক এ্যাড. ইব্রাহীম শাহীন, সাংগঠনিক সম্পাদক ও বাগোয়ান ইউপি চেয়ারম্যান আয়ুব হোসেন, মোনাখালী ইউপি চেয়ারম্যান মফিজুর রহমান মফিজ, দারিয়াপুর ইউপি চেয়ারম্যান তৌফিকুল বারী বকুল, বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মজিবার রহমান মধু, সাধারণ সম্পাদক নজরুল

ইসলাম, দারিয়াপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মুস্তাকিম হক খোকন, মোনাখালী ইউনিয়ন আওয়ী লীগের সভাপতি রফিকুল ইসলাম অপা গাইন,

মুজিবনগর উপজেলা যুবলীগের সভাপতি কামরুল হাসান চাদু, মেহেরপুর জেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদক এ্যাড. রুতশোভা বিশ্বাস, জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাধন, উপজেলা শ্রমীকলীগের সভাপতি আবুল কালাম আজাদ, উপজেলা কৃষক লীগের সভাপতি নজরুল মন্ডল, বাগোয়ান ইউনিয়ন পরিষদের সাবেক (ভাঃপ্রাঃ) চেয়ারম্যান আক্কাস আলী,

জেলা পরিষদের সদস্য শাহীন উদ্দীন, উপজেলা যুব মহিলা লীগের সভাপতি তকলিমা খাতুন, সাধারণ সম্পাদক তহমিনা খাতুন, উপজেলা ছাত্রলীগের সভাপতি হেলাল উদ্দীন লাভলু, সাধারণ সম্পাদক শেখ সাকিব, মুজিবনগর সরকারী ডিগ্রি কলেজের সাবেক সভাপতি সাহওয়ালীউল্লাহ সোহাগসহ আওয়ামী লীগ সংগঠনের নেতাকর্মীরা উক্ত বিক্ষোবে অংশ নেন।

বিক্ষোভ মিছিল শেষে রয়েল কাউন্টারের সামনে জেলা আওয়ামী লীগের অন্যতম সদস্য রফিকুল ইসলাম তোতার সভাপতিত্বে এক জনসমাবেশ অনুষ্ঠিত হয়।

উল্লেখ্য, গত শুক্রবার দিবাগত রাতের কোনো এক সময়ে কুষ্টিয়া শহরের পাঁচ রাস্তার মোড়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্মাণাধীণ ভাস্কর্যের হাত ও মুখের অংশ ভাঙচুর করে দুর্বৃত্তরা। এ ঘটনায় চারজনকে আটক করেছে পুলিশ।

মুজিবনগরে অগ্রণী ব্যাংক লিমিটেডের নতুন ভবনের উদ্বোধন

মেহেরপুরের মুজিবনগরে অগ্রণী ব্যাংক লিমিটেড মুজিবনগর শাখা নতুন ভবনের উদ্বোধন করা হয়েছে।

সোমবার বেলা সাড়ে ১১টার সময় মুজিবনগর উপজেলার কেদারগন্জ বাজারে

অবস্থিত তপতি হাইটর্স শপিং কমপ্লেক্স এর দ্বিতীয় তলায় এ নতুন ভবনের উদ্বোধন করা হয়।

অগ্রণী ব্যাংক লিমিটেডের খুলনা সার্কেল মহা বাবস্থাপক ফারুক আহম্মেদ প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে ফিতা কেটে এ ভবনের উদ্বোধন করেন।

পরে নতুন ভবনে অগ্রণী ব্যাংক মুজিবনগর শাখা ব্যাবস্থাপক কাজী আরিফুল ইসলামের সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন অগ্রণী ব্যাংক লিমিটেড চুয়াডাঙ্গা অঞ্চল এর সহকারী মহাব্যাবস্থাপক ও অঞ্চল প্রধান মানস কুমার পাল, অগ্রণী ব্যাংক লিমিটেড খুলনা সার্কেল এর সহকারী মহাব্যাবস্হাপক গোপাল চন্দ্র গাইন, মুজিবনগর উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা।

উপস্হিত থেকে বক্তব্য রাখেন ভবন মালিক কৌশিকুল ইসলাম রুমি, কেদারগন্জ বাজার কমিটির সভাপতি কুতুবউদ্দীন মল্লিক।

এ সময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন CBA চুয়াডাঙ্গা অঞ্চলেরর সভাপতি জাহাঙ্গীর আলম, সম্পাদক ফিরোজ খন্দকার, অগ্রণী ব্যাংক লিমিটেড মেহেরপুর শাখা ব্যাবস্থাপক মেহেদি মাসুদ,চুয়াডাঙ্গা শাখা ব্যাবস্থাপক এম এইচ জগলুল পাশা,সোনালী ব্যাংক লিমিটেড মুজিবনগর শাখার সিনিয়র প্রিন্সিপাল অফিসার ও ম্যানাজার ওয়াহেদ সায়েমসহ অগ্রণী ব্যাংক লিমিটেড মুজিবনগর শাখার গ্রাহকবৃন্দ ও ব্যাংকের কর্মকর্তা ও কর্মচারী বৃন্দ।

বাগোয়ান ইউপি চেয়ারম্যানের মতবিনিময় ও পথসভা

মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের বিভিন্ন গ্রামে মতবিনিময় ও পথসভা করেছে মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক ও বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ূব হোসেন।

রবিবার সন্ধায় সোনাপুর বাজার প্রাঙ্গনে তিনি সাধারন জনগনের সাথে মতবিনিময় করেন।

এ সময় আগামী ইউনিয়ন পরিষদ নির্বাচনে মনোনয়ন প্রত্যাশী হিসাবে জনগনের কাছে দোয়া চান তিনি।

এ সময় ইউনিয়ন আওয়ামীলীগের সহসভাপতি আব্দুল হামিদ সভাপতিত্ব করেন।

পরে তিনি ভবেরপাড়া, মানিকনগর ও বল্লভপুর গ্রামে পথসভা করেন।

মুজিবনগর উপজেলা মুক্তিযোদ্ধা ইউনিটের উদ্যোগে মুজিবনগর মুক্ত দিবস পালন

রবিবার ৬ ই ডিসেম্বর মুজিবনগর মুক্ত দিবস ১৯৭১ সালে এই দিনে মেহেরপুর মুজিবনগর পাক হানাদার মুক্ত হয়।এই দিনটি কে স্বরণ করতে মুজিবনগর উপজেলা মুক্তিযোদ্ধা ইউনিট র্র্যালী, বঙ্গবন্ধুর ম্যুরালে পুস্পস্তবক অর্পন ও আলোচনা সভার মধ্য দিয়ে দিবসটি পালন করেছে।

এ উপলক্ষে ৬ ডিসেম্বর রোববার সকাল সাড়ে ৮টার দিকে মুজিবনগর উপজেলার কেদারগঞ্জ বজারস্হ মুক্তিযোদ্ধা স্মৃতি কমপ্লেক্স ভবনেরর সামনে থেকে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের নেতৃত্বে একটি র্র্যালী বের করা হয়।

র্র্যালীটি কেদারগঞ্জ মোড় প্রদক্ষিণ শেষে স্মৃতি কমপ্লেক্সের সামনে এসে তা শেষ হয় এবং সেখানে অবস্থিত বঙ্গবন্ধুর ম্যুরালে পুষ্পস্তবক অর্পন করা হয়।

পরে মুজিবনগর উপজেলা সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার বীর মুক্তিযোদ্ধা আব্দুল জলিল বিশ্বাসের সভাপতিত্বে স্মৃতি কমপ্লেক্স ভবনের ভেতর আলোচনা সভার আয়োজন করা হয়।

আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর থানার প্রতিনিধি এস আই আরিফ।

বীর মুক্তিযোদ্ধা আফজাল হোসেনের সঞ্চালনায় অনুষ্ঠানে বীর মুক্তিযোদ্ধা আহসান আলী খাঁন, লুৎফর রহমান সহ উপজেলার মুক্তিযোদ্ধাগণ উপস্থিত ছিলেন।

মুজিবনগরে মেয়াদউত্তীর্ণ পণ্য রাখার অপরাধে ব্যবসায়ীর ৫ হাজার টাকা জরিমানা

মেহেরপুরের মুজিবনগর উপজেলার গোপালনগর গ্রামে অভিযান চালিয়ে মেয়াদউত্তীর্ণ পণ্য বিক্রির জন্য রাখার অপরাধে ভাই ভাই ট্রেডার্সের মালিক মনিরুল ইসলামের ৫হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

বুধবার দুপুরে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার এ আদালত পরিচালনা করেন। এসময় সিনিয়র সহকারি স্বাস্থ্য পরিদর্শক তারিকুল ইসলাম উপস্থিত ছিলেন।

ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯এর ৫১ধারা অনুযায়ী এই জরিমানা আদায় করা হয় বলে জানিয়েছেন ভ্রাম্যমাণ আদালতের বিচারক সুজন সরকার।

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় একজন নিহত

মেহেরপুরের মুজিবনগরে পাওয়ার ট্রলী ও মটরসাইকেলের সংঘর্ষে মটরসাইকেল চালক সুজন (২০) নামে ১ জন নিহত অপর আরোহি সাহেব আহত হয়েছে।

নিহত সুজন ইসলাম (২০) চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা থানার আটকবর জগন্নাথপুর গ্রামের মৃত আমিরুল ইসলামের ছেলে সে ইনতেফা বিষ কোম্পানিতে চাকুরি করত। রবিবার রাত ৯ টার দিকে শিবপুর গলাকাটা মোড় হতে টেংরামারি সুটিং মোড়ের মাঝামাঝি স্হানে রাস্তার উপর দূরঘটনা ঘটে।

বিভিন্ন সূত্রে জানা গেছে টেংরামারি সুটিং মোড় হতে পাওয়ার ট্রলি ও মটরসাইকেল চালক সুজন শিবপুর গলাকাটা মোড়ের দিকে আসছিল এ সময় মটরসাইকেল চালক পাওয়ার ট্রলিকে ক্রস করতে গেলে পাওয়ার ট্রলির সামনের চাকার একসেল কেটে মটরসাইকেলকে আঘাত করলে মটরসাইকেল সহ চালক রাস্তার উপর আছড়ে পড়ে এ সময় পাওয়ার ট্রলির চালক পালিয়ে যায় কিছু ক্ষণ পরে কিছু লোক ঐ পথে আসার সময় দেখে একজন মরে পড়ে আছে ওপর জন আহত হয়ে কাতরাচ্ছে তারা মুজিবনগর থানা পুলিশ কে খবর দেয় এবং আহতকে উদ্ধার করে হাসপাতালে প্রেরণ করে।

মুজিবনগর থানার ওসি (তদন্ত)শরিফুল ইসলাম জানান আমরা খবর পেয়ে ঘটনা স্হলে যায় এবং লাশ সহ মটরসাইকেল ও পাওয়ারট্রলি হেফাজতে নিয় এবং বিভিন্ন ভাবে খবর নিয়ে নিহত ও আহতের নাম ঠিকানা জানতে পারি এবং তদন্ত করে জানতে পারাযায় এটি একটি দু:খ জনক সড়ক দূরঘটনা। এ বিষয়ে নিহতের পরিবারের পক্ষে কোন অভিযোগ না থাকায় লাশ পরিবারে কাছে হস্তান্তর করা হয়েছে।

মুজিবনগরে বাড়ি থেকে ডেকে নিয়ে গৃহবধুকে ধর্ষণের অভিযোগ

মুজিবনগরে বাড়ি থেকে ডেকে নিয়ে এক গৃহবধুকে ধর্ষণের অভিযোগ উঠেছে। গত ২৬ নভেম্বর সন্ধায় মুজিবনগর উপজেলার রতনপুর গ্রামের একটি মাঠে এ ঘটনা ঘটে। এ বিষয়ে ২৭ নভেম্বর ভুক্তভোগী ঐ গৃহবধু বাদি হয়ে মুজিবনগর থানায় রফিক ঘানিসহ আরও অজ্ঞাত ২/৩ জনকে আসামী করে একটি মামলা দায়ের করা হয়েছে।

থানার এজাহার সূত্রে জানা গেছে, ২৬ নভেম্বর সন্ধা সাড়ে ৬টার দিকে ঐ গৃহবধুকে কেদারগঞ্জ বাজারে এক ব্যাক্তি ডাকছে বলে অজ্ঞাত একজন ব্যাক্তি তাকে বাসা থেকে বের হতে বলে।

পরে সে বাসা থেকে বের হয়ে মুজিবনগর-মেহেরপুর সড়কের গৌরীনগর খেলার মাঠের কাছে আসলে মটর সাইকেল করে কয়েক জন অজ্ঞাত ব্যাক্তি তাকে জোরপৃর্বক তুলে নিয়ে গিয়ে বাগোয়ান রতনপুর সড়কের মাঠে বাঁ◌ঁশ বাগানে নিয়ে সেখানে তার ইচ্ছার বিরুদ্ধে অজ্ঞাত ২/৩ জন আসাামীর সহায়তায় ১নং আসাামী জোর পূর্বক কয়েকবার ধর্ষণ করে, তাকে ফেলে রেখে আসামীরা পালিয়ে যায়।

মুজিবনগর থানার পুলিশ পরিদর্শক(তদন্ত) শরিফুল ইসলাম জানান, আমরা মামলা হাতে পাওয়ার পর ভিক্টিমের মেডিকেল পরিক্ষা করিয়েছি। এরপর ডিএনএ পরিক্ষা করা হবে সকল রিপোর্ট পাওয়ার পর তদন্ত সাপেক্ষে ব্যাবস্থা গ্রহন করা হবে।

সুপ্রিম কোর্টের বিচারপতি এস এম আতাউল হাকিমের মুজিবনগর পরিদর্শন

বাংলাদেশ সুপ্রিম কোর্টের বিচারপতি এস এম আতাউল হাকিম মেহেরপুর

পরিদর্শন করেছেন। শুক্রবার সকালের দিকে বিচারপতি মেহেরপুর মুজিবনগর স্মৃতিসৌধ পরিদর্শন করেন।

এর আগে বিচারপতি এস এম আতাউল হাকিম মেহেরপুর সার্কিট হাউজে এসে পৌঁছালে মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালতের বিচারক এস এম আব্দুস সালাম তাকে স্বাগত জানান। পরে বিচারপতি মুজিবনগর স্মৃতিসৌধ পরিদর্শন করেন।